তারিখ ...25 JUL 1994...
পৃষ্ঠা ১ কলাম ২

দৈনিক বাংলা

৫২

## কভারের ছক পূরণে ভুল

# এসএসসি ঃ কুমিল্লা বোর্ডের ৩০ হাজার খাতা ফেরত

আলী হোসেন চৌধুরী ঃ কুমিল্লা।–কুমিল্লা শিক্ষা বোর্ডের ৩০ হাজার এসএসসি পরীক্ষার্থীর খাতায় ভুলের কারণে বুয়েট থেকে খাতা ফেরত পাঠানো হয়েছে।

সম্প্রতি অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় খাতার কভার পৃষ্ঠায় পরীক্ষার্থীদের পূরণ করা কম্পিউটার ছকগুলোতে ভুল ধরা পড়ে, যার ফলে এসব খাতা বা পরীক্ষার্থীর তথ্য সংগ্রহ করা কম্পিউটারের পক্ষে সম্ভব হয়নি। পরীক্ষার উত্তরপত্রের কভার পৃষ্ঠার একটি নির্দিষ্ট অংশ কেন্দ্র থেকে সরাসরি বুয়েটের কম্পিউটার প্রতিষ্ঠানে পাঠানো হয়। পরবর্তীকালে উক্ত কম্পিউটার প্রতিষ্ঠান কুমিল্লা শিক্ষা বোর্ডকে তা জানালে বোর্ড কর্তৃপক্ষ বিশেষ ব্যবস্থাধীনে ১৪/১৫ জন কর্মকর্তাকে ঢাকায় পাঠান। তাদের কেউ কেউ ঢাকায় ১০–১২ দিন থেকে এসব ভুল সংশোধন করেন। তবে সংশোধনের কাজ এখনো শেষ হয়নি। অনেক কেন্দ্র থেকে বহিষ্কারের রিপোর্ট খাতা ও অন্যান্য প্রতিবেদনও কম্পিউটার কেন্দ্রে পাঠিয়ে দেয়। বোর্ডের একজন কর্মকর্তা জানান, গত এসএসসি পরীক্ষা চলাকালে বেসরকারী শিক্ষক ধর্মঘটের কারণে এসব জটিলতা সৃষ্টি হয়েছে। ফলে, বর্তমানে ফল প্রকাশ সুষ্ঠুভাবে করতে গিয়ে নানা রকম জটিলতা ও সমস্যা সৃষ্টি হচ্ছে।

বেসরকারী শিক্ষক ধর্মঘটের কারণে বেশীরভাগ পরীক্ষক ও প্রধান পরীক্ষক খাতা গ্রহণ করেন নি যার ফলে সীমিতসংখ্যক পরীক্ষককে বিপুলসংখ্যক খাতা দেখতে হয়। তার উপরে কম্পিউটার ছকও পরীক্ষক ও প্রধান পরীক্ষককে পূরণ করতে হয়, যার ফলে বিপুল পরিমাণ উত্তরপত্র এখনো পরীক্ষকদের কাছ থেকে প্রধান পরীক্ষকদের কাছে এসে পৌঁছেনি। একই কারণে প্রধান পরীক্ষকরাও বুয়েটের কম্পিউটার কেন্দ্রে তাদের তথ্য পাঠাতে পারেননি। বুয়েটে তথ্য পাঠানোর সর্বশেষ সময়সীমা ছিল ১৯ জুলাই কিন্তু বিশ্বস্ত সূত্রে জানা গেছে, বেশীরভাগ প্রধান পরীক্ষক এখনো তা পাঠাতে পারেননি।

তাড়াহুড়ো করতে গিয়ে প্রধান পরীক্ষকদের প্রেরিত কম্পিউটার ছকে অনেক ভুল থাকতে পারে বলে আশংকা করা হচ্ছে।

(৫–এর পৃঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **এসএসসি ঃ কুমিল্লা বোর্ডের ৩০ হাজার**

আগামী ২০ আগস্টের মধ্যে এসএসসি পরীক্ষার ফল প্রকাশের কথা থাকলেও উল্লিখিত তারিখের মধ্যে ফল প্রকাশ করা সম্ভব হবে না বলে ধারণা করা হচ্ছে। কম্পিউটার প্রতিষ্ঠান ফল প্রকাশের ব্যাপারে কতটুকু নির্ভুল থাকতে পারবে সে ব্যাপারেও অনেকে আশংকা প্রকাশ করছেন। এ বছরের সফলতার উপরই নির্ভর করছে আগামীতে পরীক্ষা সংক্রান্ত কাজ কম্পিউটারায়ন হবে কিনা।